

# বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফইআইডি সার্কুলার লেটার নং-০৩

তারিখ: মে ০৬, ২০১৪ খ্রিস্টাব্দ  
বৈশাখ ২৩, ১৪২০ বঙ্গাব্দ

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়,

রঞ্জনী প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) স্থাপিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক মধ্য/দীর্ঘ মেয়াদী বৈদেশিক খণ্ড গ্রহণের অনুমোদন প্রক্রিয়া প্রসঙ্গে।

গাইডলাইন ফর ফরেন এন্ড চেঙ্গ ট্রানজেকশন (GFET, ২০০৯ সংক্রণ) এর অধ্যায়-১৫, প্যারা-১ এ বাংলাদেশে বেসরকারী খাতের শিল্প প্রতিষ্ঠানের মধ্য/দীর্ঘ মেয়াদী বৈদেশিক খণ্ড প্রস্তাবসমূহের অনুমোদন প্রক্রিয়া বিবৃত রয়েছে। গভর্নর, বাংলাদেশ ব্যাংক এর সভাপতিত্বে গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তক্রমে বিনিয়োগ বোর্ড (BOI) এ সংক্রান্ত অনুমোদন প্রদান করে থাকে।

২. রঞ্জনী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ আইন, ১৯৮০ মোতাবেক রঞ্জনী প্রক্রিয়াকরণ অঞ্চলস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহ বিনিয়োগ বোর্ডের কর্মপরিধির অন্তর্ভুক্ত না হওয়ায় এখন হতে ইপিজেডসমূহে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্য/দীর্ঘ মেয়াদী বৈদেশিক খণ্ড অনুমোদনের আবেদনসমূহ নিম্নোক্ত সংশোধিত প্রক্রিয়া অনুসরণপূর্বক সম্পাদিত হবে :

(i) ইপিজেডসমূহে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সংযুক্তি-এ, এ্যাপেন্ডিক্স-৬/১ GFET, ২০০৯,-এ উল্লিখিত প্রোফর্মা/ছকে খণ্ড অনুমোদনের আবেদন ও এতদ্বারা তাদের মনোনীত অনুমোদিত ডিলার ব্যাংক এর মাধ্যমে বেপজা মারফত বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে দাখিল করতে হবে। এছাড়াও, সংযুক্তি-এ, GFET এর এ্যাপেন্ডিক্স-৬/১-এ বর্ণিত প্রয়োজনীয় দলিলাদি, খণ্ড অনুমোদন সংক্রান্ত আবেদনের সমর্থনে বিশ্লেষণসমেত দাখিল করতে হবে এবং উক্ত দলিলাদিতে নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকতে হবে :

ক) প্রকল্পের বাণিজ্যিক সফলতা (Commercial viability), খ) প্রকল্পের আয় দ্বারা তার খণ্ড পরিশোধের সামর্থ্য, গ) প্রকল্পের পণ্য উৎপাদন ব্যয় স্থানীয় ও বিদেশের বাজারে প্রতিযোগিতামূলক কিনা, ঘ) খণ্ড আবেদনের সাথে সম্পর্কিত সেক্টরের বিদ্যমান অভ্যন্তরীণ উৎপাদন ক্ষমতা এবং উৎপাদিত পণ্যের প্রাক্তিক ব্যয়ের সাপেক্ষে সম্ভাব্য অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক চাহিদা, ঙ) সমর্থিত প্রকল্পের শেয়ারধারকদের (sponsors) বিদ্যমান দায় কাঠামো যা বাংলাদেশ ব্যাংকের সিআইবি রিপোর্ট এবং সংশ্লিষ্ট ব্যাংকের প্রতিবেদন দ্বারা সমর্থিত হবে।

(ii) আবেদনপত্রের সম্পূর্ণতা ও সংযোজিত দলিলাদি যথাযথ থাকা সাপেক্ষে এবং আবেদনপত্রের উল্লিখিত ডাটা/তথ্যাদি আপাতদৃষ্টিতে সঠিক মর্মে নিজেদের সম্মত সাপেক্ষে অনুমোদিত ডিলার ব্যাংক আবেদনসমূহ বেপজা বরাবরে প্রেরণ করবে। বেপজা বরাবরে আবেদন প্রেরণকালে অনুমোদিত ডিলার ব্যাংক প্রয়োজন মনে করলে এ বিষয়ে তাদের পর্যবেক্ষণ/মতামত প্রদান করতে পারবে।

(iii) অনুমোদিত ডিলার কর্তৃক প্রেরিত আবেদনপত্রসমূহ বেপজা প্রয়োজনানুযায়ী তাদের পর্যবেক্ষণ/মতামতসহ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবরে দাখিল করবে।

(iv) বেপজা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্রসমূহ বৈদেশিক মুদ্রা বিনিয়োগ বিভাগ কর্তৃক যথাযথভাবে যাচাই বাছাইয়ান্তে গভর্নর মহোদয় পর্যায়ে গৃহীত সিদ্ধান্তক্রমে নিষ্পত্তিকৃত হবে। এ বিষয়ে গৃহীত সিদ্ধান্ত একইসাথে বেপজা, আবেদনকারী ইপিজেডস্থ প্রতিষ্ঠান ও অনুমোদিত ডিলার ব্যাংককে অবহিত করা হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ অবিলম্বে পরিপালন করে অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বাস,

স্বা/-

(নুরুল নাহার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন: ৯৮৫৩০৮৮৮